

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উপলক্ষে র্যালি



১০ অক্টোবর, ২০১৯-বৃহস্পতিবার মনোবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে 'মানসিক স্বাস্থ্যের উন্নয়ন ও আত্মহত্যা প্রতিরোধ' বিষয়কে অগ্রাধিকার দিয়ে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উপলক্ষে সচেতনতামূলক র্যালি অনুষ্ঠিত হয়। র্যালিটি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর নেতৃত্বে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

এসময় লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নূর মোহাম্মাদ সহ বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ র্যালিতে অংশগ্রহণ করেন।